

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৫৫২

৪১. হুদুদের অধ্যায় (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ১. প্রস্তরাঘাত করা

باب مَا جَاءَ فِي الرَّجْم

আরবী

حَدَّتَنِي مَالِك عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ سَعْدَ بْنَ عُبَادَةَ قَالَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرَأَيْتَ لَوْ أَنِّي وَجَدْتُ مَعَ امْرَأَتِي رَجُلًا أَأُمْهِلُهُ حَتَّى لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَعَمْ أَرَأَيْتَ لَلْهُ عَلَيْهِ وَسَلَّمَ نَعَمْ

বাংলা

রেওয়ায়ত ৭. আবু হুরায়রা (রাঃ) হইতে বর্ণিত আছে, সা'দ ইবন উবাদা (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে বলিলঃ ইয়া রাসূলাল্লাহ! যদি আমি আমার স্ত্রীর নিকট কোন ব্যক্তিকে পাই, তবে কি চারজন সাক্ষী আনা পর্যন্ত তাহাকে সময় দিব? রাস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ হ্যাঁ।

সা'দ বলিলেনঃ আমি ঐ আল্লাহর শপথ করিয়া বলিতেছি, যিনি আপনাকে নবী করিয়া পাঠাইয়াছেন, আমি তো তাহাকে দেখামাত্র তলোয়ার দ্বারা দ্বিখণ্ডিত করিয়া ফেলিব। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ হে আনসারগণ, তোমাদের নেতা কি বলিতেছে শোন, সে তাহাকে বড় আত্মমর্যাদাসম্পন্ন মনে করে। আমি তো তাহা অপেক্ষা আত্মমর্যাদাসম্পন্ন আর আল্লাহ তা'আলা আমা অপেক্ষা অধিক আত্মর্যাদাসম্পন্ন।

English

Malik related to me from Suhayl ibn Abi Salih from his father from Abu Hurayra that Sad ibn Ubada said to the Messenger of Allah, may Allah bless him and grant him peace, "What do you think I should do if I were to find a man with my wife? Should I leave him there until I had brought four witnesses?" The Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, "Yes."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন